যুগান্তর

তারিখ ... 27 JUL 2016 ...
পৃষ্ঠা ...১৬... কলাম ...৬...

# বাংলা একাডেমিতে পুস্তক বিক্রয় কেন্দ্র উদ্বোধন

সাংস্কৃতিক রিপোর্টার

বাংলা একাডেমিতে চালু হল আরেকটি পুস্তক বিক্রয় কেন্দ্র। মঙ্গলবার দুপুরে নবনির্মিত এ পুস্তক বিক্রয় কেন্দ্রের উদ্বোধন ঘোষণা করেন বাংলাদেশ জাতীয় সংসদের সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি সিমিন হোসেন রিমি এমপি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর, বাংলা একাডেমির সভাপতি ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান, একাডেমির মহাপরিচালক অধ্যাপক শামসুজ্জামান খান, সাংস্কৃতিক ব্যক্তিত্ব রামেন্দ্র মজুমদার, কথাসাহিত্যিক সেলিনা হোসেন, সংস্কৃতি সচিব আকতারী মমতাজ, সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির চারজন সদস্য কাজী কেরামত আলী, মনোরঞ্জন শীল গোপাল, পংকজ নাথ এবং জেবুন্নেছা আফরোজ, কবি ও স্থপতি রবিউল হুসাইন, মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি মফিদুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আকতার কামাল, বাংলা একাডেমির সচিব মোহাম্মদ আনোয়ার হোসেন এবং সংস্কৃতি মন্ত্রণালয় ও বাংলা একাডেমির সংশ্লিষ্ট কর্মকর্তারা। বাংলা একাডেমির ড. মুহম্মদ এনামুল হক ভবনের নিচতলায় নবনির্মিত অত্যাধুনিক সুযোগ-সুবিধাসংবলিত এ পুস্তক বিক্রয় কেন্দ্র উদ্বোধন করা হয়।

**চিত্রশালায় বাঘ নিয়ে আলোকচিত্র প্রদর্শনী বাঘযাত্রা :** বাঘের সঙ্গে অন্যরকম এক সখ্য গড়েছেন তরুণ আলোকচিত্রী খান ফাতিম হাসান। ফ্রেমবন্দি করেছেন বাঘের নানারূপ অভিব্যক্তি। এমন ৮০টি আলোকচিত্র নিয়ে শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালায় চলছে প্রদর্শনী। 'বাঘ রক্ষা করে সুন্দরবন, আর সুন্দরবন রক্ষা করে বাংলাদেশকে' স্লোগানে প্রদর্শনীর শিরোনাম বাঘযাত্রা। আগামী ২৯ জুলাই আন্তর্জাতিক বাঘ দিবস উপলক্ষে এ প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।

চিত্রশালার তৃতীয় তলার ৫ নম্বর গ্যালারিটি এখন শুধুই বাঘময়। আগামী ২৯ জুলাই পর্যন্ত চলবে পাঁচ দিনের এ প্রদর্শনী। প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত উন্মুক্ত থাকবে।